

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি বিপণন অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট  
ঢাকা-১২১৫।  
[www.dam.gov.bd](http://www.dam.gov.bd)

স্মারক নং- ১২.০২.০০০০.০১৬.২৩.০০২.১২-১২৩

তারিখঃ ২০/০৬/২০১৮ খ্রিঃ।

**বিষয়ঃ 'জাতীয় ফল মেলা- ২০১৮' সূত্রে ও যথাযোগ্যভাবে আয়োজন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২২-২৪ জুন' ২০১৮ তারিখে সারা দেশব্যাপী 'জাতীয় ফল মেলা- ২০১৮' অনুষ্ঠিত হবে। সামগ্রিকভাবে বিভাগীয় পর্যায়ে বিভাগীয় কমিশনারগণ, জেলা পর্যায়ে জেলা প্রশাসকগণ এবং উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারগণ বিভাগ/জেলার/উপজেলার কার্যক্রম সমন্বয় সাধন করবেন। কৃষি মন্ত্রণালয়ের পক্ষে জেলা পর্যায়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক এবং উপজেলা পর্যায়ে উপজেলা কৃষি অফিসার কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংস্থার সমন্বয়কারী হিসেবে কাজ করবেন। কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক জেলা ও উপজেলা পর্যায়ের মেলায় কৃষি মন্ত্রণালয়ের সকল সংস্থার কার্যক্রম সম্বলিত প্যাভিলিয়ন/স্টল থাকবে।

০২। উল্লিখিত 'জাতীয় ফল মেলা- ২০১৮'-এ কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগ/জেলা/উপজেলা অফিসসমূহ-কে অংশগ্রহণ পূর্বক মেলায় দেশীয় প্রচলিত/অপ্রচলিত ফলের বিভিন্ন বৈশিষ্ট্য ও গুণাগুণ সম্পন্ন জার্ম প্লাজম/জাত প্রদর্শন, ফল উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ, বাজারজাতকরণ, ফ্রেশকাট প্রদর্শন এবং বিগত বছরগুলোতে কৃষি বিপণন অধিদপ্তরের উল্লেখযোগ্য অর্জন/কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং অধিদপ্তরের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট পোস্টার, লিফলেট, হ্যান্ডবিল ও অন্যান্য প্রকাশনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ মাহবুব আহমেদ)  
মহাপরিচালক  
e-mail: dg@dam.gov.bd

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর (বিভাগীয় উপ-পরিচালকগণ মনিটরিং জোরদার পূর্বক তাঁর অধীনস্থ জেলা ও উপজেলা কার্যালয়সমূহের 'জাতীয় ফল মেলা- ২০১৮'-এ অংশগ্রহণ নিশ্চিত করবেন)।
- ০২। জেলা বাজার কর্মকর্তা/বাজার অনুসন্ধানকারী (সকল), কৃষি বিপণন অধিদপ্তর,.....।
- ০৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি শাখা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।

পণ্যের গ্রেডিং মূল্য বৃদ্ধি ও বিপণনে সহায়ক